

শুল্ক আইনের  
কত ধারায় বন্ডেড  
ওয়্যার হাউস লাইসেন্স  
প্রদান করা হয়? এ সম্পর্কে  
আইনের বিধান কি?

দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১২ অনুযায়ী পাবলিক বন্ডেড ওয়্যার হাউস স্থাপন ও ধারা ১৩ অনুযায়ী প্রাইভেট বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদান করা হয়।

প্রাইভেট বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদান সম্পর্কে আইনের বিধান হলো কমিশনার (বন্ড) বা বোর্ড কর্তৃক ক্ষমতা প্রাপ্ত অন্য যে কোন কমিশনার কোন ওয়্যার হাউস স্টেশনে আমদানিকৃত শুল্কযোগ্য পণ্য উত্তোলন বা

গুদামজাতের জন্য আমদানীকারকে বেসরকারী ওয়্যার হাউজের লাইসেন্স অনুমোদন করতে পারেন। আমদানিকৃত পণ্যের জন্য পাবলিক

ওয়্যার হাউজে উত্তোলন বা জমা করনের সুবিধা না থাকলে সাধারণতঃ এরূপ লাইসেন্স দেয়া হয়ে থাকে।

প্রাইভেট বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদানে আইনের ধারা ১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় রাজস্ব বোর্ড সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা লাইসেন্স মঞ্জুর করার উপর, ওয়্যার হাউসজাত পণ্যের উপর ও পণ্যাগারের আমদানি স্বত্ত্ব ও উহার উপর শর্তাবলী ও নিয়ন্ত্রণ আরোপ করে থাকেন। যদি কোন লাইসেন্সধারী এই আইনের বা আইনের অধীনে আনীত কোন বিধিমালার বিধি বা শর্ত লংঘন করেন অথবা জনস্বার্থে লাইসেন্স বাতিলযোগ্য বলে বিবেচিত হয় সে ক্ষেত্রে একই ধারায় প্রদত্ত ক্ষমতাবলে কমিশনার লাইসেন্স বাতিল করতে পারবেন। তবে এ বিষয়ে লাইসেন্সীকে এক মাসের নোটিশ ও গুনানীর সুযোগ দিতে হবে।